

(প্রেস বিজ্ঞপ্তি)

০৪ আগস্ট ২০২২ খ্রি.

ইমাম মুয়াজ্জিনদের মাঝে সম্মানী বিতরণকালে মেয়র

**সময়মতো সুইচ অন-অফ করে**

**বিদ্যুতের অপচয় রোধ করার আহ্বান**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, মসজিদের ইমাম, মুয়াজ্জিন, মন্দির গীর্জার পুরোহিতগণ ধর্মীয় কার্যক্রমের পাশাপাশি সামাজিক ও রাষ্ট্রীয় দায়িত্ব পালন করে আসছেন। আপনারা নগরীর সড়ক বাতির সুইচ অন-অফ কাজের মাধ্যমে বিদ্যুতের অপচয় রোধ করে দেশের উন্নয়ন কর্মকাণ্ডে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছেন। বর্তমানে বিশ্বব্যাপী জ্বালানী সংকটের কারণে বিদ্যুৎ উৎপাদন ব্যাহত হচ্ছে। এই সংকটময় সময়ে যাতে কোনভাবেই বিদ্যুতের অপচয় না হয় সেদিকে লক্ষ্য রেখে যথাসময়ে সুইচ-অন-অফ কাজে আন্তরিক হয়ে এবং সময়মতো সুইচ অন-অফ করে বিদ্যুতের অপচয় রোধ করতে হবে। আজ বৃহস্পতিবার সকালে থিয়েটার ইনস্টিটিউট হলে প্রকৌশল বিদ্যুৎ বিভাগের দুই নম্বর জোনের সড়ক বাতির সুইচ অন-অফকারী মসজিদের ইমাম, মুয়াজ্জিন ও মন্দির-গীর্জার পুরোহিতগণের মাঝে সম্মানী বিতরণকালে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পানি ও বিদ্যুৎ স্ট্যান্ডিং কমিটির সভাপতি কাউন্সিলর মো. মোরশেদ আলমের সভাপতিত্বে এতে বিশেষ অতিথির বক্তব্য রাখেন-চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শহীদুল আলম, কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব, সংরক্ষিত কাউন্সিলর আঞ্জুমান আরা। এতে স্বাগত বক্তব্য রাখেন তত্ত্বাবধায়ক প্রকৌশলী বুলন কুমার দাশ। উপস্থিত ছিলেন-নির্বাহী প্রকৌশলী রেজাউল বারী ভূঁইয়া, সহকারী প্রকৌশলী সালমা খাতুন, উপ-সহকারী প্রকৌশলী সাল্লাউদ্দিন ইউসুফ মজুমদার, কামাল হোসেন সেলিম, চসিক সিবিএ'র সিনিয়র সহসভাপতি জাহিদুল আলম চৌধুরী প্রমুখ। পুরো অনুষ্ঠান সঞ্চালনা করেন সহকারী প্রকৌশলী এনামুল হক।

তিনি আরো বলেন, ষাট লক্ষ নগরবাসীর কাছে নাগরিক সেবা পৌঁছানো আমাদের নৈতিক দায়িত্ব। এই ক্ষেত্রে ধর্মীয় নেতগণ সড়ক বাতির সুইচ অফ-অন করে একটি রাষ্ট্রীয় ও সামাজিক দায়িত্ব পালন করছেন। এই মহতি কাজ সম্পাদনের জন্য আপনাদের জানাই আন্তরিক অভিবাদন। অনুষ্ঠান শেষে মেয়র প্রকৌশল বিদ্যুৎ উপবিভাগের দুই নম্বর জোনের ৮শত ৬০জন ইমাম, মুয়াজ্জিন ও পুরোহিতগণের মাঝে প্রত্যেককে ২ হাজার ৫শত টাকা করে সম্মানী বিতরণ করেন।

চসিক ভ্রাম্যমাণ আদালত

**উচ্ছেদ অভিযান পরিচালনা ও বিভিন্ন অপরাধে**

**১৯ ব্যক্তিকে ৩০ হাজার টাকা জরিমানা**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ বৃহস্পতিবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী পরিচালিত অভিযানে চকবাজার তেলীপট্রি রোড, কাপাসগোলা, চকবাজার কাঁচাবাজারের বিভিন্ন সড়ক ও সিরাজদৌলা রোডের রাস্তা ও ফুটপাথ দখল করে ব্যবসা প্রতিষ্ঠানের মালামাল রেখে চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টির দায়ে ১৯ ব্যক্তির বিরুদ্ধে মামলা রঞ্জু পূর্বক ৩০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

সংবাদদাতা

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন। মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩